



তাগিদপত্র

বাংলাদেশ নির্বাচন কমিশন
অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার
বরিশাল অঞ্চল, বরিশাল

নির্বাচন অধ্যক্ষিকার
অতীত জরুরি

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
www.ecs.gov.bd

নং-১৭.০৬.০৪৮৫.০০০.৪০.০৩৪.২৪-৬৭

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১
২৩ এপ্রিল ২০২৪

বিষয় : ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচার সামগ্রী অপসারণ এবং আচরণ বিধি প্রতিপালন সংক্রান্ত তাগিদপত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ৩য় ধাপের তফসীল অনুযায়ী বরগুনা জেলার পাথরঘাটা এবং বামনা উপজেলায় প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের মধ্যে আগামী ১৩ মে ২০২৪ তারিখে প্রতীক বরাদ্দ করা হবে। উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর ৫(১) বিধি মোতাবেক “কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান উপজেলা পরিষদ নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০১৩ এর বিধি ২২ এর অধীন প্রতীক বরাদ্দের পূর্বে, জনসংযোগ এবং ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচার ব্যতীত, অন্য কোন প্রকারের নির্বাচনি প্রচার শুরু করিতে পারিবে না” এছাড়া উক্ত বিধির ৫(ক) অনুযায়ী ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারনার ক্ষেত্রে প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট বা উক্ত ব্যক্তিকে ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমের নাম, একাউন্ট আইডি, ই-মেইল আইডিসহ অন্যান্য সনাক্তকরণ তথ্যাদি প্রচার-প্রচারণা শুরুর পূর্বে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে।

২। এছাড়াও, উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর ৮ (৫) বিধি মোতাবেক নির্বাচনি প্রচারনার কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নিজ ছবি ও প্রতীক ব্যতীত অন্য কাহারো নাম, ছবি বা প্রতীক ছাপাইতে কিংবা ব্যবহার করিতে পারিবেন না; তবে শর্ত থাকে যে, প্রতীকপ্রার্থী কোন রাজনৈতিক দলের মনোনীত হইলে সেই ক্ষেত্রে তিনি কেবল তাহার দলের বর্তমান দলীয় প্রধানের ছবি পোস্টারে বা লিফলেটে ছাপাইতে পারিবেন।

এমতাবস্থায়, আপনার নির্বাচনি এলাকায় প্রচারিত ও ধরনের নির্বাচনি- প্রচার সামগ্রী আগামী ২৩ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে নিজ দায়িত্বে সকল প্রাটফর্ম থেকে অপসারণ করার জন্য অনুরোধ করা হলো এবং নির্বাচনি আচরণ বিধি মেনে প্রচার-প্রচারণা চালানোর জন্য অনুরোধ করা হলো। অন্যথায় আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ উল্লেখ্য যে, গত ২১.৪.২০২৪ খ্রি. তারিখ স্মারক নং- ১৭.০৬.০৪৮৫.০০০.৪০.০৩৪.২৪-৬৫ এর মাধ্যমে অপসারণ করার নির্দেশ প্রদান করা হলেও অদ্যবধি অপসারণ করা হয়নি। আগামী ২৫.০৪.২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিজ দায়িত্বে সকল প্রাটফর্ম থেকে অপসারণ করা না হলে আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।


বিতরণ: (কার্যার্থে)

প্রার্থী/ সন্তাব্য প্রার্থী
চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান (সকল)
পাথরঘাটা/বামনা উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ বরগুনা।

নং-১৭.০৬.০৪৮৫.০০০.৪০.০৩৪.২৪-৬৭

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল
- ০৪। জেলা প্রশাসক, বরগুনা।
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০৬। পুলিশ সুপার, বরগুনা।
- ০৭। জেলা নির্বাচন অফিসার, বরগুনা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা/বামনা, বরগুনা
- ০৯। উপজেলা নির্বাচন অফিসার পাথরঘাটা/বামনা, ও সহকারী রিটার্নিং অফিসার, উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
- ১০। অফিসার ইন-চার্জ পাথরঘাটা/বামনা, বরগুনা
- ১১। অফিস নথি


২৩/৪/২০২৪
দিপঙ্কর কুমার হোসেন
অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার
বরিশাল অঞ্চল, বরিশাল
ও
রিটার্নিং অফিসার
উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
ফোন: ০২৪৭৮৮৭১৬১
মোবা: ০১৭১২৬৯৮৩৩০
তারিখ: ১০ বৈশাখ ১৪৩১
২৩ এপ্রিল ২০২৪

অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার
বরিশাল অঞ্চল, বরিশাল

ও
রিটার্নিং অফিসার
উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪